দৈনিক ইত্তেফাক

তারিখ ... AUG 18 1999
পৃঃ ২ কলাম ৭

৪৩৬

# জামালপুরে রেজিস্টার্ড বেসরকারী প্রাথমিক শিক্ষকদের বিক্ষোভ

জামালপুর সংবাদদাতা ॥ গতকাল (মঙ্গলবার) দুপুরে জামালপুর জেলা রেজিষ্টার্ড বেসরকারী প্রাথমিক শিক্ষক সমিতি শহরে এক বিক্ষোভ মিছিল করে। মিছিল শেষে শিক্ষকরা জেলা প্রশাসকের কার্যালয়ে ১ ঘন্টা অবস্থান ধর্মঘটের পর জেলা প্রশাসকের নিকট একটি স্মারকলিপি প্রদান করেন। দেশের সকল রেজিষ্টার্ড বেসরকারী প্রাথমিক বিদ্যালয় শিক্ষকের চাকুরী সরকারীকরণের দাবীতে বাংলাদেশ বেসরকারী প্রাথমিক শিক্ষক সমিতির আহ্বানে এই কর্মসূচী পালিত হয়।

নদীতে ডুবিয়া মৃত্যু

দেওয়ানগঞ্জ থানার দক্ষিণ ভাতখাওয়া গ্রামের আবেদ আলীর পুত্র আমবাবু (২৮) ধানের বীজতলা লইয়া জিঞ্জিরাম নদী পার হওয়ার সময় ডুবিয়া যায়। শেষ খবর পাওয়া পর্যন্ত তাহার সন্ধান পাওয়া যায় নাই।